# India - Sweden Virtual Summit

March 05, 2021

# ভারত-সুইডেন ভার্চুয়াল শীর্ষ সম্মেলন

**মার্চ** 05, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং সুইডেনের প্রধানমন্ত্রী মাননীয় স্টেফান লোফভেন আজ এক ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে দ্বিপাক্ষিক সমস্যা এবং পারস্পরিক স্বার্থজড়িত বিভিন্ন আঞ্চলিক এবং বহুপাক্ষিক ইস্যুতে আলাপ আলোচনা করেন।

প্রধানমন্ত্রী মোদী সুইডেনে 3 মার্চের হিংসাত্মক আক্রমণের সমালোচনা করে দেশের জনগণের প্রতি সহমর্মিতা প্রকাশ করেন এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন।

প্রধানমন্ত্রী 2018 সালে প্রথম ভারত-নর্ডিক সম্মেলনে তাঁর সুইডেন সফর এবং 2019 সালের ডিসেম্বরে সুইডেনের রাজা ও রানীর ভারত সফরের কথা স্মরণ করেন।

গণতন্ত্র, আইন, বহুত্ববাদ, সাম্যতা, বাক স্বাধীনতা এবং মানবাধিকারের প্রতি শ্রদ্ধার উপর ভিত্তি করেই যে ভারত ও সুইডেনের মধ্যে এই দীর্ঘকালীন ঘনিষ্ঠ সম্পর্ক সে কথা দুই নেতাই দৃঢ়তার সাথে স্বীকার করে নেন। আইন-ভিত্তিক আন্তর্জাতিক নিয়মানুসারে বহুপাক্ষিকতা, সন্ত্রাসবাদ বিরোধিতা এবং শান্তি ও সুরক্ষার জন্য কাজ করার জন্য তাদের পূর্ব প্রতিশ্রুতি পুনরায় নিশ্চিত করেন তাঁরা। ইউরোপীয় ইউনিয়ন এবং ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলির সাথে ভারতের অংশীদারিত্বে ক্রমবর্ধমান প্রাধান্য স্বীকার করে নেন দুজনেই।

দুই নেতা ভারত ও সুইডেনের মধ্যে বর্তমান একাধিক যৌথ উদ্যোগ পর্যালোচনা করেন এবং 2018 সালে প্রধানমন্ত্রী মোদীর সফরের সময় যৌথ কর্ম পরিকল্পনা এবং উদ্ভাবনী সহযোগিতা বাস্তবায়নের জন্য সন্তুষ্টি প্রকাশ করেন। এই অংশীদারিত্বের অধীনস্ত থিমগুলি আরও বৈচিত্র্যময় করার অভিনব উপায় অনুসন্ধানে আলাপ আলোচনা করেন তারা।

আন্তর্জাতিক সৌর জোটে (আইএসএ) সুইডেনের যোগদানের সিদ্ধান্তকে স্বাগত জানান প্রধানমন্ত্রী মোদী। 2019 সালের সেপ্টেম্বরে নিউ ইয়র্কে জাতিসংঘের ক্লাইমেট অ্যাকশন সামিটের সময় ভারতের-সুইডেন যৌথ উদ্যোগে গঠিত দ্য লিডারশিপ গ্রুপ অন ইন্ডাস্ট্রি ট্রানজিশন (LeadIT) এর ক্রমবর্ধমান সদস্যপদের কথাও নেতারা উল্লেখ করেন।

এই দুই নেতা কোভিড-19 পরিস্থিতিতে ভ্যাকসিন কার্যক্রমের কথাও আলোচনা করেন এবং সব দেশে সাশ্রয়ী মূল্যে প্রয়োজনীয় ভ্যাকসিন সরবরাহ করার স্বার্থে ভ্যাকসিন ইক্যুইটির প্রয়োজনীয়তার উপর জোর দেন।

**নিউ দিল্লি**
**মার্চ** 05, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.